



কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশৃঙ্খল বন্ধ

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার লেটার নং- কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৬-২০১৭/১৮২৬

তারিখ : ০৬ .০৩.২০১৭

সকল আঞ্চলিক ব্যবস্থাপক/
সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক

বিষয় : সঞ্চয়ী আমানত হিসাব খোলার সুযোগ প্রদান।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগের ১৬.১০.২০১৬ তারিখের সার্কুলার লেটার নং- কেবি/ কেহি -১৪৯/২০১৬-২০১৭/৫৫৯ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উল্লেখিত সার্কুলার লেটার এর মাধ্যমে সঞ্চয়ী আমানত হিসাবে ঋণ গ্রহীতা কর্তৃক সীমিত আকারে অর্থ জমার পরিবর্তে যে কোন পরিমাণ অর্থ জমা করা যাবে মর্মে নির্দেশনা দেয়া হয়। ঋণ গ্রহীতাদের পাশাপাশি অনেকেই এ ব্যাংকে সঞ্চয়ী আমানত হিসাব খুলতে আগ্রহী। এ বিবেচনায় সকলের জন্য সঞ্চয়ী আমানত হিসাব খোলার সুযোগ প্রদানের প্রস্তাব পরিচালনা বোর্ডের ২৭.০২.২০১৭ তারিখে অনুষ্ঠিত ২৪২তম সভায় উপস্থাপন করা হলে পরিচালনা বোর্ড নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করে :

“ব্যাংকে ঋণ গ্রহীতাদের পাশাপাশি অন্যান্যদের জন্য সঞ্চয়ী আমানত হিসাব খোলা যাবে। তবে ঋণ গ্রহীতাদের হিসাব হতে তহবিল উত্তোলনের ক্ষেত্রে নির্ধারিত সীমা সংরক্ষণ করতে হবে। অন্যান্য সঞ্চয়ী আমানত হিসাবধারীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবেনা। হিসাবধারীগণ তাদের সুবিধা মোতাবেক নগদে/চেকে অর্থ জমা করতে পারবেন। অর্থ উত্তোলনের ক্ষেত্রে অবশ্যই সার্ভিসিং ব্যাংকের চেকের মাধ্যমে হিসাবধারীর অনুকূলে চেক প্রদান করতে হবে।”

০৩। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত দিক-নির্দেশনা অনুসরণ করার পরামর্শ দেয়া হলো:

- ঋণ গ্রহীতাদের পাশাপাশি অন্যান্যদের সঞ্চয়ী হিসাব খোলা যাবে বিধায় নির্ধারিত KYC ফর্ম ও Transaction Profile (TP) সঠিকভাবে পূরণপূর্বক ফাইলে সংরক্ষণ করতে হবে;
- ঋণ গ্রহীতাদের সঞ্চয়ী হিসাবে জমাকৃত অর্থ প্রদানের ক্ষেত্রে ঋণের আকারভেদে ন্যূনতম জমা সংরক্ষণের বিধান অনুসরণ করতে হবে;
- সঞ্চয়ী আমানতের অর্থ প্রদানের ক্ষেত্রে হিসাবধারী হতে আবেদন গ্রহণপূর্বক অবশ্যই সার্ভিসিং ব্যাংকের চেকের মাধ্যমে হিসাবধারীর অনুকূলে প্রদান করতে হবে।”
- হিসাব পরিপত্র নং ৫/২০১১ এবং সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৬-২০১৭/৫৫৯ এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০৪। এ নির্দেশ অনতিবিলম্বে কার্যকরী হবে।



(এ বি এম সফিকুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

পত্র সূত্র নং- কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৬-২০১৭/ ১৮২৬(২৬৬)/৭

তারিখ : ০৬.০৩.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় দায়িত্বে নিয়োজিত সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি ও প্রকৌশল বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।
- বোর্ড সচিব, পর্যদ সচিবালয় বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক।
- অফিস নথি।


(মোহাম্মদ জাকির হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

প্রধান কার্যালয়, ১, রাজউক এভিনিউ, ঢাকা - ১০০০। ফ্যাক্স : ৮৮০-২-৯৫৫৭৫৯৪, www.karmasangsthanbank.gov.bd